

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্রঃ নং-২। পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্রঃ নং-৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : Procurement of Spare Parts for Electrical Repair and Maintenance Works at Sarulia Intake Pumping Station কাজের খরচ অনুমোদন প্রসংগে।

সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এ নিরচ্ছিন্ন পানি সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে ইকুইপমেন্ট সমূহ নিয়মিত প্রিভেনটিভ মেইনটেনেন্স এর একশন প্লানিং এর আওতায় রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী কারেকটিভ মেইনটেনেন্স নিজস্ব ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল টীম এর সহায়তায় সম্পন্ন করা হয়ে থাকে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর আওতাধীন সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশনের বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি ও সরঞ্জাম নিয়মিত পরিচালনা, মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশের চাহিদা রয়েছে। ব্যবহারের ফলে বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত ও অকার্যকর হয়ে পড়ায় শোধনাগারের নিরবচ্ছিন্ন কার্যক্রম বজায় রাখতে দ্রুত প্রতিস্থাপন ও মেরামত কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। বর্তমানে বিদ্যমান মজুদে প্রয়োজনীয় কিছু খুচরা যন্ত্রাংশের ঘাটতি থাকায় বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে পানি উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার নিরবচ্ছিন্ন কার্যকারিতা নিশ্চিত করার স্বার্থে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা প্রয়োজন। খুচরা যন্ত্রাংশ ক্রয়ের লক্ষ্যে পূর্বানুমোদিত দরের অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমান দাড়িয়েছে চ-২৪৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত কোড নং- ০১-০৪-০১১ হতে বহন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের পানি শোধনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে Procurement of Spare Parts for Electrical Repair and Maintenance Works at Sarulia Intake Pumping Station কাজটি পিপিআর ২০২৫ বিধি -১০০ উপ-বিধি-১ ধারায় সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট চ-২৪৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/০৬/২০২৬
মোঃ আকরামুল্লাহ
উপ-ব্যবস্থাপনা পরিচালক
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

২২/০৬/২৬
মোঃ রাকিব হোসেন প্রধান
সহকারী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

২১/৬/২৬
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

SE/CE
(সিএসই/সিএসই)
২১/০৬/২৬
XEN(সিএসই-২)

অনুমোদিত।

১৭/০৬/২৬
মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপারেশন)
ঢাকা ওয়াসা।